**নাম: মো: কামাল মিয়া**

**জন্ম তারিখ: ২ মে, ১৯৮৫**

**শহীদ হওয়ার তারিখ: ১৯ জুলাই, ২০২৪**

**ব্যক্তিগত তথ্য:**

পেশা : অটোরিকশা চালক ,
শাহাদাতের স্থান : ঢাকা মেডিকলে কলেজ হাসপাতাল

## শহীদের জীবনী

শহীদ মো: কামাল মিয়া ১৯৮৫ সালের ২ মে নরসিংদীর বেলাবর থানার রিনাইবার গ্রামে জন্মগ্রহণ করেন।পেশায় ছিলেন একজন অটোরিকশা চালক।বর্তমান ঠিকানা ঢাকা জেলার পল্টনের শান্তিনগরে পিতা মৃত আব্দুস সাত্তার, মাতা রওশন আরা।পরিবারে স্ত্রী ছাড়াও তিন মেয়ে ও এক ছেলে রয়েছে।

শহীদের অর্থনৈতিক অবস্থা

কামাল মিয়া ছিলেন পরিবারের একমাত্র উপার্জনক্ষম ব্যক্তি।তার চার সন্তানের মধ্যে বড় মেয়ে বিবাহিত।বাকি তিন সন্তানকে অনেক স্বপ্ন নিয়ে পড়ালেখা করাচ্ছিলেন তিনি।মেজ মেয়ে সুরভী আক্তার রামপুরা টিভি সেন্টার মাদরাসায় অধ্যয়নরত, ছোট মেয়ে সুরাইয়া আক্তার সেগুনবাগিচায় আদর্শ উচ্চ বিদ্যালয়ের অষ্টম শ্রেণীর ছাত্রী, একমাত্র ছেলে নয় বছর বয়সী ইয়াসিন মিয়া মালিবাগ চৌধুরী পাড়া মাদরাসায় অধ্যয়নরত।কামাল মিয়া তার স্বল্প আয় দিয়েও সন্তানগুলোকে বড় ও আদর্শ মানুষ করার জন্য প্রাণান্তকর চেষ্টা করে যাচ্ছিলেন।এছাড়া তার বড় মেয়ে বিবাহিত হলেও তাকে আর্থিকভাবে সাহায্য করতে হয়। বর্তমানে কামাল মিয়াকে হারিয়ে তার পরিবার শোকে মুহ্যমান।সন্তানদের পড়ালেখা প্রায় বন্ধের উপক্রম, ভবিষ্যৎ অন্ধকারের মুখে।তার স্ত্রী মানসিক,আর্থিক সবভাবেই ভেঙে পড়েছেন।

শহীদী মৃত্যুর প্রেক্ষাপট

২০২৪ এর ১৯ জুলাই।কোটা সংস্কারের দাবিতে শুরু হওয়া বৈষম্যবিরোধী আন্দোলন তুমুল আকার নিয়েছে।একদিকে ছাত্র-জনতা আন্দোলন চালিয়ে যাচ্ছে, অপরদিকে পুলিশ বাহিনি ফ্যাসিস্ট সরকারের নির্দেশে আন্দোলনকারীদের উপর আক্রমণ করেই যাচ্ছে।আবার আন্দোলন দমিয়ে দেয়ার জন্য তৎকালীন সরকার ইন্টারনেট সংযোগ বিচ্ছিন্ন করে দিয়েছে। তাই দেশের কোথায় কি হচ্ছে কেউ জানতে পারছেনা, বিশ্ববাসী জানতে পারছেনা বাংলাদেশে কি হচ্ছে! সেদিন বিকালে বাসা থেকে অটোরিকশা নিয়ে বের হন কামাল মিয়া।পরিস্থিতি ভালোনা।পুলিশ আন্দোলন ঠেকাতে এলোপাথাড়ি গুলি ছুড়ছে এমনই এক গুলিতে আহত হন নিরপরাধ নিরীহ কামাল।পরে পথচারীরা তাকে ঢাকা মেডিকেলে নিয়ে যায়।বাদ মাগরিব ৭ টার দিকে তার বাসায় ফোন করে জানানো হয় তার আহত হওয়ার কথা।সন্ধ্যা ৭ টা ৫৫ মিনিটে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়।

শহীদ কামালকে তার নিজ গ্রাম নরসিংদীতে দাফন করা হয়।আল্লাহ রাব্বুল আলামীন তাকে জান্নাতুল ফেরদৌস নসীব করুন এবং তার পরিবারের উপর রহম করুন।

প্রস্তাবনা

১. শহীদ পরিবারকে এককালীন আর্থিক অনুদান প্রদান।

২. বিবাহিত মেয়ের খরচ চালিয়ে যাওয়া।

৩. শহীদের সন্তানদের পড়াশুনার যাবতীয় খরচ বহন করা ও শিক্ষবৃত্তির ব্যবস্থা করা।

এক নজরে শহীদের ব্যক্তিগত তথ্যাবলি

পুরো নাম : মো: কামাল মিয়া

পেশা : অটোরিকশা চালক

স্থায়ী ঠিকানা : গ্রাম: রিনাইবার, ইউনিয়ন: রিনাইবার, থানা: বেলাবর, জেলা: নরসিংদী

বর্তমান ঠিকানা : বাসা/মহল্লা: বটতলার গলি, এলাকা: শান্তিনগর ৫৩/১১, থানা: পল্টন, জেলা: ঢাকা

পিতার নাম : মৃত আব্দুস সাত্তার

মাতার নাম : রওশন আরা

ঘটনার স্থান : শান্তিনগর (পল্টন এলাকা)

আক্রমনকারী : পুলিশ

আহত হওয়ার তারিখ : তারিখ: ১৯/০৭/২০২৪, সময় - ৭.০০টা

মৃত্যুর তারিখ ও সময় : তারিখ : ১৯/০৭/২০২৪, সময়: সন্ধ্যা ৭:৫৫টা

কবরস্থান : নিজ গ্রাম